

একই নম্বর তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

প্রশাসন-১ অধিশাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৩.১৮-৫৩০


তারিখ: ০৯ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ  
২৬ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ

## নোটিস

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৬-২০ এপ্রিল, ২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯-এর শুভ উদ্বোধনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ উদ্বোধন উপলক্ষে আগামী ১৭.০৪.২০১৯ খ্রি. তারিখ বুধবার সকাল ১০.০০ টায় একটি বর্ণাঢ্য র্যালি শুরু হবে। র্যালিটি শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউট হতে শুরু হয়ে ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল বহির্বিভাগের সামনে এবং দোয়েল চত্বর ঘুরে পুনরায় শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউটে গিয়ে সমাপ্ত হবে। উক্ত র্যালিটি সফলভাবে সম্পন্ন করার জন্য সকাল ৯.৩০ টার মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং অধিনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণকে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউট হতে শুরু হয়ে ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল বহির্বিভাগের সামনে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হল।

০২। উক্ত র্যালিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য সেবা বিভাগের সচিব এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় উপস্থিত থাকবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিস জারি করা হল।



(শাহিনা খাতুন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫


[sasadmin1@mohfw.gov.bd](mailto:sasadmin1@mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৩.১৮-৫৩০

তারিখ: ০৯/০৪/২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মেট্রপলিটন পুলিশ কমিশনার, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী এডিনিউ, রমনা, ঢাকা (তাকে র্যালিটি নিরাপদ ও নির্বিঘ্নে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ ও সহযোগিতার জন্য অনুরোধ করা হল)
২. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাকে বর্ণিত তারিখ ও সময়ে ১০০০ (এক হাজার) জন অংশগ্রহনকারীসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল)।
৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা [তাকে বর্ণিত তারিখ ও সময়ে ৫০০ (পাঁচশত) জন অংশগ্রহনকারীসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল]।
৫. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা [তাকে বর্ণিত তারিখ ও সময়ে ১০০০ (এক হাজার) জন অংশগ্রহনকারীসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল]।
৬. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা (তাকে অধিদপ্তরসমূহের সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল)।
৭. যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (আপনার দপ্তরের সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল)।
৯. উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা (আপনার দপ্তরের সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল)।
১২. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩. সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৪. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা (আপনার দপ্তরের সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল)।
১৫. হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬. সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেলের সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. ১০ম হতে ২০তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারী (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



(শাহিনা খাতুন)

উপসচিব